



বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা
একাউন্টিং এন্ড ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ডিভিশন
www.bim.gov.bd



সূত্র নং : ৩৬.০৭.০০০০.০০৯.২৮.০০৮.১৯.১০

তারিখ : ০৯/০২/২০২২খ্রিঃ

বিষয় : চাকরি সংক্রান্ত "সরকারি অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

পত্রে উল্লেখিত বিষয়বস্তুর আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০৪১ এবং সরকারের নতুন নতুন আইন-বিধিবিধান কর্মক্ষেত্রে প্রয়োগের ও সুশাসন সংহতকরণ প্রয়োজনে অফিস ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সরকারি/স্বায়ত্বশাসিত/কর্পোরেশন/প্রকল্প-এ মধ্যম ও কনিষ্ঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এর ব্যবস্থাপনায় আগামী ১২ - ১৩ মার্চ, ২০২২ খ্রিঃ রোজ শনিবার - রবিবার পর্যন্ত ০২ (দুই) দিনব্যাপী "সরকারি অফিস ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রশিক্ষণ বিআইএম, ঢাকা ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। জনপ্রতি প্রশিক্ষণফি ৬,০০০/- (ছয় হাজার) টাকা (ভ্যাট ও আয়কর ব্যতীত) মাত্র, যা নগদে/পে-অর্ডার/চেকের মাধ্যমে মহাপরিচালক, বিআইএম, ঢাকা বরাবর পরিশোধযোগ্য।

প্রশিক্ষণে নিম্নোক্ত বিষয়সমূহের উপর গুরুত্ব আরোপ করা হবেঃ

- অফিস ব্যবস্থাপনা
- সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯
- নথি ব্যবস্থাপনা
- সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮
- রেকর্ড ব্যবস্থাপনা
- বার্ষিক গোপনীয় অনুবেদন
- সভা ও দাপ্তরিক যোগাযোগ
- পেনশন ও আনুতোষিক।

প্রশিক্ষণের সময়ঃ সকাল ৯.০০ টা হতে বিকাল ০৫.৩০ টা পর্যন্ত।

সনদঃ প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মাঝে সনদ সরবরাহ করা হবে।

প্রশিক্ষণ পদ্ধতিঃ বক্তৃতা, আলোচনা, অনুশীলন, প্রশ্নোত্তর পর্ব ও ঘটনা বিশ্লেষণ ইত্যাদি।

নমিনেশন জমা দেয়ার শেষ সময় ০৮ মার্চ, ২০২২ খ্রিঃ।

ভেন্যু : বিআইএম, ঢাকা ক্যাম্পাস।

প্রশিক্ষণ চলাকালীন সময়ে সরকারি নির্দেশনা মোতাবেক সামাজিক দুরত্ব ও স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করে প্রশিক্ষণটি পরিচালনা করা হবে।

কোর্স সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য কোর্স-সমন্বয়কারি (এম.আমিনুর, উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা, মোবাইল: ০১৭১৬-৫৫১৬৬১, ই-মেইল: amenoor.bim@gmail.com) সাথে যোগাযোগ করা যেতে পারে।

উপরোক্ত শিরোনামের প্রশিক্ষণে প্রতিনিধি মনোনয়নে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

(এম.আমিনুর)

উর্ধ্বতন ব্যবস্থাপনা উপদেষ্টা
ও বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান ও আর্থিক ব্যবস্থাপনা বিভাগ
এবং কোর্স সমন্বয়কারী, বিআইএম।